

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯১১

আগরতলা, ১৪ আগস্ট, ২০২৪

বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস
ভারতকে দুর্বল করাই ছিল বিভাজনের মূল উদ্দেশ্য : মুখ্যমন্ত্রী



১৯৪৭ সালে দেশভাগ ভারতের মানুষকে সব দিক দিয়ে ক্ষত বিক্ষত করেছিল। যা ছিল একটি কলঙ্কময় অধ্যায়। ভারতকে দুর্বল করাই ছিল সেই বিভাজনের মূল উদ্দেশ্য। দেশের স্বাধীনতা সংগ্রামের বীরত্বের ইতিহাসের পাশাপাশি দেশভাগের পীড়াদায়ক ইতিহাসকেও স্মরণ করতে হবে। আগামী প্রজন্মের কাছে এই ইতিহাস তুলে ধরতে হবে। আজ আগরতলা মুক্তধারা অডিটোরিয়ামে আয়োজিত দেশ বিভাজনের বিভীষিকা স্মৃতি দিবস অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক কিশোর বর্মণ, পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, সমাজসেবী রাজীব ভট্টাচার্য, প্রাক্তন বিধায়ক মিমি মজুমদার, প্রাক্তন অধ্যক্ষ বিশুজিত গুপ্ত, সমাজসেবী বিপিণ দেববর্মা, অসীম ভট্টাচার্য প্রমুখ।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, দেশ বিভাজনের ফলে লক্ষ লক্ষ মানুষ তাদের স্বজনদের হারিয়েছিলেন। তাদের নিজের বাসস্থান ছেড়ে দেশান্তরী হতে হয়েছিল। দেশের আগামী প্রজন্মকে আমাদের দেশের সেই ইতিহাসকে স্মরণে রাখতে হবে। মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বানে ২০২১ সাল থেকে প্রতিবছর এই দিবস পালিত হয়ে আসছে। যারা দেশ বিভাজনের ফলে বিভীষিকার শিকার হয়েছিলেন তাদের সম্মানার্থে এবং সেই ইতিহাস আগামী প্রজন্মের মধ্যে নিয়ে যাওয়ার উদ্দেশ্যেই এই দিবস পালন করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, দেশের মানুষকে ঐক্যবদ্ধ এবং সচেতন থাকতে হবে যাতে ভবিষ্যতে এরকম কোনো পরিস্থিতির সম্মুখীন না হতে হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশ আজ এক শক্তিশালী দেশের মর্যাদা বহন করছে। আমাদের দেশ আজ সমস্ত ক্ষেত্রে বিশ্বের দরবারে সামনের দিকে এগিয়ে চলছে। বর্তমান রাজ্য সরকারও শান্তি সম্প্রীতি আরও সুদৃঢ় করে জনগণের কল্যাণে রাজ্যকে এগিয়ে নিয়ে যাচ্ছে।
